



৫ আগস্ট-পরবর্তী মামলা যাচাইয়ে তালিকা চাইল সরকার



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

৫ আগস্টের পর দায়ের হওয়া মামলাগুলো যাচাই করতে জেলা ভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা চেয়েছে সরকার। স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ জানান, আন্দোলন-পরবর্তী সময়ে করা মানবতাবিরোধী ও সহিংসতার অভিযোগগুলো খতিয়ে দেখে প্রকৃত দায়ীদের চিহ্নিত করা হবে।

বুধবার (৬ মে) রাজধানীর ওসমানী মিলনায়তনে জেলা প্রশাসক সম্মেলনের এক সেশন শেষে তিনি বলেন, প্রতিটি জেলা থেকে মামলার সংখ্যা ও বিবরণ সংগ্রহ করে তা মন্ত্রণালয়ে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। তদন্তের মাধ্যমে আসল অভিযুক্তদের শনাক্ত করা হবে।

তিনি জোর দিয়ে বলেন, কোনো নিরপরাধ ব্যক্তি বা সাংবাদিক যেন হয়রানির শিকার না হন, সে বিষয়ে জেলা প্রশাসনকে সতর্ক থাকতে বলা হয়েছে। অনেক মামলায় অতিরিক্ত সংখ্যক মানুষকে আসামি করা হয়েছে উল্লেখ করে তিনি দ্রুত যাচাই ও নিষ্পত্তির ওপর গুরুত্ব দেন।

এছাড়া প্রকৃত অপরাধীদের আইনের আওতায় আনা এবং উদ্দেশ্যপ্রণোদিতভাবে জড়ানোদের আইনি প্রক্রিয়ায় মুক্তি দেওয়ার কথাও জানান স্বরাষ্ট্রমন্ত্রী।

সম্মেলনে আরও জানানো হয়, পূর্ববর্তী সরকারের সময় ইস্যু করা প্রায় ১০ হাজার লাইসেন্সধারী আগ্নেয়াস্ত্র এখনো জমা পড়েনি। এসব অস্ত্র দ্রুত জমা ও উদ্ধার করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি ২০০৯ থেকে ২০২৪ সালের আগস্ট পর্যন্ত দেওয়া অস্ত্রের লাইসেন্সগুলো জেলা কমিটির মাধ্যমে পুনরায় যাচাই করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।